মেহেরপুরে সমবায় সমিতির সদস্যদের দিনব্যাপী প্রশিক্ষণ

‘করব সমবায়, গড়ব দেশ—সবার জন্য বাংলাদেশ’ প্রতিপাদ্যে মেহেরপুর সদর উপজেলার কার্যকর সমবায় সমিতির সদস্যদের নিয়ে দিনব্যাপী ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সদর উপজেলা সমবায় কার্যালয়ের আয়োজনে সিডিপির সম্মেলনকক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে ১৩টি সমবায় সমিতির ২৫ জন সদস্য অংশ নেন।

সদর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হকের সভাপতিত্বে প্রশিক্ষণে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার বাবলু সূত্রধর।

প্রশিক্ষণে বক্তব্য দেন- জেলা সমবায় অফিসার (অ.দা.) এনামুল হক, সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. নাজমুল হাসান শাওন, জেলা সমবায় কার্যালয়ের প্রশিক্ষক মোহা. নুরুজ্জামান, সহকারী প্রশিক্ষক মো. রোকনুজ্জামান, সহকারি পরিদর্শক সাঈদ আনোয়ার, সিডিপির নির্বাহী পরিচালক তৃপ্তি কনা বিশ্বাস, জ্যোতি মহিলা সমবায় সমিতির সাধারণ সম্পাদক উম্মে হানী চায়না এবং হরিরামপুর মৎস্যজীবী সমবায় সমিতির সাধারণ সম্পাদক আছেদ আলী প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার বাবলু সূত্রধর বলেন, সমবায় হলো সম্মিলিত উদ্যোগে নিজেদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের একটি কার্যকর মাধ্যম। সমবায়ের মূল শক্তি পারস্পরিক সহযোগিতা, আস্থা ও ঐক্য। সমবায় সমিতির সদস্যদের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার পাশাপাশি নিয়ম মেনে সমিতি পরিচালনা করতে হবে। সদস্যদের সঞ্চয় ও বিনিয়োগের সঠিক ব্যবহার নিশ্চিত করা গেলে সমবায়ের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং গ্রামীণ অর্থনীতিকে আরও শক্তিশালী করা সম্ভব হবে।

সভাপতির বক্তব্যে সদর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক বলেন, সমবায় সমিতিকে কার্যকর ও সদস্যবান্ধব করতে হলে সদস্যদের অধিকার, দায়িত্ব এবং সমিতি পরিচালনার নিয়মকানুন সম্পর্কে সচেতন হতে হবে। নিয়মিত হিসাব সংরক্ষণ, সঠিকভাবে ঋণ ব্যবস্থাপনা, সভা আয়োজন এবং আয়-ব্যয়ের স্বচ্ছতা বজায় রাখা সমিতির স্থায়িত্বের জন্য গুরুত্বপূর্ণ। এ ধরনের প্রশিক্ষণের মাধ্যমে সদস্যরা সমবায়

পরিচালনা সম্পর্কে বাস্তবভিত্তিক ধারণা পাবেন এবং নিজেদের সমিতির উন্নয়নে তা কাজে লাগাতে পারবেন।

প্রশিক্ষণে সমবায় সমিতির কার্যক্রম পরিচালনা, সদস্যদের দায়িত্ব ও কর্তব্য এবং সমবায়ের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।

ঢাকাস্থ কুষ্টিয়া খ্রীষ্ট্রিয়ান কর্মজীবি সমবায় সমিতির সভাপতি হলেন জেমস স্বপন মল্লিক

ঢাকাস্থ বৃহত্তর কুষ্টিয়া খ্রীষ্ট্রিয়ান কর্মজীবি সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন হয়েছে।

আজ শুক্রবার ঢাকার তেজগাঁওয়ে সমিতির কার্যালয়ে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ছাতা প্রতীকে ১৬৬ ভোট পেয়ে মেহেরপুরের জেমন স্বপন মল্লিক বাবু সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী এ্যান্টনী এডুওয়ার্ড ম-ল পেয়েছেন চেয়ার প্রতীকে ১১৮ ভোট। এছাড়া বিনাপ্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন সহ-সভাপতি পদে সেরাফিন ম-ল, ট্রেজারার পদে জর্জ সুমন ম-ল, পরিচালক ম-লির সদস্য পদে পঙ্কজ সরকার টুটুল, ভিনসেন্ট বিশ্বাস ও সলিল ম-ল।

নিবার্চন পরিচালনা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন তেজগাঁজ থানা সমবায় কর্মকর্তা মোহাম্মদ রাজ্জাক উল্লা পাটওয়ারি, সদস্য ঢাকা জেলা সমবায় কার্যালয়ে পরিদর্শক মুন্সী আব্দুল কাউয়ুম ও তেজগাঁও সমবায় অফিসের সহকারী পরিদর্শক মো: হাবিবুর রহমান।

[redacted]

[redacted]

[redacted]

[

সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হয়। আজ বিকাল ৫টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ মিলনায়তনে একাধিক বার স্বর্ণপদক প্রাপ্ত কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছির কৃতি সন্তান, উক্ত সমিতির প্রধান উপদেষ্টা কেন্দ্রীয় আওয়ামীলীগ নেতা, দৈনিক আমার সংবাদ ও ডেইলি পোস্ট পত্রিকার সম্পাদক হাশেম রেজা।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আমার শরীরে একবিন্দু রক্ত থাকতে এই ঐতিহ্যবাহী কৃষক সমিতির কোন ক্ষতি হতে দিবো না। ঋণে জর্জরিত সমিতির সকল সদস্যদের দেনা পাওনা আমি ব্যক্তিগত তহবিল থেকে পরিশোধ করে, হাজার হাজার কৃষকের মুখে হাসি ফুটাবো, আমি এই মাটির সন্তান, আমি এলাকার প্রতিটি মানুষের সুখে-দুঃখে পাশে আছি থাকবো আজীবন। আমি চাই প্রায় অর্ধশত বছরের পুরনো এই কৃষক সমিতি আবারো রাষ্ট্রিয় স্বর্ণপদক প্রাপ্ত সমিতির মর্যাদা অক্ষুণ্ণ রাখুক।

অল্প খরচে সেচ ব্যবস্থার মাধ্যমে চাষীরা জমিতে ফসল ফলিয়ে সোনালী ফসল ঘরে তুলুক, আমি কৃষকদের মুখে হাসি ফুটাতে চাই, এটাই আমার জীবনের বড় প্রাপ্তি ও তৃপ্তি হয়ে থাকবে।

উক্ত সাধারণ সভায় আরো উপস্থিত ছিলেন, সমিতির সাধারণ সম্পাদক আব্দুল হাকিম, আবু হানিফ, উপদেষ্টা মন্ডলীর সদস্য মিন্টু তরফদার, নাসির উদ্দীন সহ স্থানীয় সুধী জন, সমিতির নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্য, সাধারণ সদস্য, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিক প্রমুখ।

উল্লেখ্য প্রায় অর্ধশত বছরের পুরনো কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতিটি কয়েক বছর ধরে একটি দুষ্ট চক্রের কবলে পরে প্রায় অর্ধ কোটি টাকা লোকসানের কবলে পরে সমিতিটিতে নানান অনিয়ম ও দূর্নীতির কবলে পরলে বর্তমান কমিটি হাশেম রেজাকে প্রধান উপদেষ্টা করার পর পরই নিজের ব্যক্তিগত তহবিল থেকে অর্থ সহযোগিতা করেন, এবং সমিতি সফলতার দিকে এগুতে থাকে। কিন্তু একটি দুষ্ট চক্র সকল সময় বিভিন্ন ভাবে চক্রান্ত চায়িয়ে যাচ্ছে জানান সমিতির সভাপতি সহ একাধিক সদস্য। অপরদিকে সমিতির সাধারণ সভা পন্ড করতে কয়েকবার উক্ত

দুষ্ট চক্রটি হামলা চালাতে গেলেও হাশেম রেজার দৃঢ় মনোবল ও জনসমর্থনের রোষানলে পরে সভাস্থল ত্যাগ করেন।

সভা শেষে কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সকল সদস্যের মাঝে নগদ ১০০০/ (এক হাজার) টাকা করে দেন উক্ত সমিতির প্রধান উপদেষ্টা হাশেম রেজা।

দামুড়হুদার কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সদস্যদের সংবাদ সম্মেলন

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির লিমিটেডের সাবেক সভাপতি সরফরাজ ও সাধারণ সম্পাদক জাকির হোসেনের বিরুদ্ধে বর্তমান সভাপতি মিজানুর রহমান সাংবাদিক সম্মেলন করেন। তিনি বলেন সাবেক সভাপতি ও ম্যানাজার ১৪লাখ ৫৪হাজার ৮৮০ টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। এছাড়াও নানা অনিয়মের অভিযোগ উঠেছে।

গতকাল (০৫/০৯/২২) বিকালে কুড়ুলগাছি সমিতির মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন সমিতির সভাপতি মিজানুর রহমান ।

লিখিত বক্তব্যে তিনি বলেন, সমিতির সাবেক সভাপতি ও ম্যানাজার জাকির তাদের ব্যক্তিগত স্বার্থ-চরিতার্থ করার জন্য সম্পূর্ণ নিজস্ব সিদ্ধান্তে সমিতির সকল কর্মকাণ্ড পরিচালনা করছেন। তিনি ভুয়া ভাউচারের মাধ্যমে লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছেন তারা।

সমিতির ঘরের ছাদ করা বাবদ ও ভুয়া ভাউছার করে তারা দুজনে প্রায় ১২ লাখ টাকা আস্তসাত করেন।যা অতিরিক্ত খরচ দেখানো হয়েছে।

সারা বাংলাদেশের মধ্যে সবচেয়ে বৃহৎ দামুড়হুদা কুড়ুলগাছি আদর্শ সমবায় সমিতি লিমিটেড। পরপর তিন বার সারা বাংলাদেশের সেরা সমিতির মর্যাদা পায় এবং গোল্ড মেডেল পায় গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্থানীয় মন্ত্রী ও সমবায় মন্ত্রী কাছ থেকে।

[redacted]

[redacted]